অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/28/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো সাতটি কাউন্টিতে জরুরী যোগাযোগ উন্নত করতে স্টেট অনুদান তহবিলে 32 মিলিয়ন ডলারের বেশি অনুদান ঘোষণা করেছেন

স্টেট তহবিল কাউন্টিগুলিকে যোগাযোগের পরিকাঠামো এবং জনসাধারণের নিরাপত্তার কাজগুলি উন্নত করতে সহায়তা করবে

স্টেট জুড়ে জরুরী যোগাযোগ উন্নত করতে এবং জরুরী পরিষেবা প্রদানে সহায়তা করতে আগে 55 মিলিয়ন ডলার বিনিয়োগ করা হয়েছে

জরুরী যোগাযোগ উন্নত করতে গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ সাতটি কাউন্টিকে দেওয়ার জন্য অনুদান তহবিলে 32 মিলিয়ন ডলারের বেশি অনুদানের কথা ঘোষণা করেছেন। এই অনুদান কাউন্টিগুলিকে যোগাযোগের পরিকাঠামো যা জরুরী পরিস্থিতিতে গুরুত্বপূর্ণ, তা শক্তিশালী করতে এবং জনসাধারণের নিরাপত্তা সংক্রান্ত কাজগুলি উন্নত করতে সহায়তা করবে। এটি নতুন রেডিও টাওয়ার নির্মাণ থেকে শুরু করে বিদ্যমান পরিকাঠামো শক্তিশালী ও আপডেট করা, এরকম বিভিন্ন ধরণের প্রকল্পকে অন্তর্ভুক্ত করবে। এই উদ্দিষ্ট অনুদান হল ঠিক সাম্প্রতিক অনুমোদিত অর্থ যার লক্ষ্য কাউন্টিগুলির গুরুত্বপূর্ণ জরুরী যোগাযোগের ক্ষমতাকে উন্নত করার জন্য কাউন্টি এবং স্থানীয় সরকারকে সহায়তা করা।

“জরুরী পরিস্থিতিতে, সহায়তার জন্য কলগুলিকে দ্রুত ও সুদক্ষভাবে উত্তর দেওয়ার জন্য প্রথম প্রতিক্রিয়াকারীর কাছে প্রয়োজনীয় সংস্থান থাকা জরুরী”, **গভর্নর কুওমো বলেছেন।** “এই অনুদান কাউন্টিগুলিকে তাদের জরুরী যোগাযোগ ব্যবস্থা সমসাময়িক ও উন্নত করা অব্যাহত রাখতে এবং এই প্রক্রিয়ার দ্বারা সকলের জন্য একটি অধিকতর শক্তিশালী, অধিকতর নিরাপদ নিউইয়র্ক তৈরি করবে।”

“নিউইয়র্কবাসীদের নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করতে জরুরী যোগাযোগ পরিষেবা অত্যাবশ্যক”, **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** “এই ফান্ডিং উত্তরাঞ্চলের কাউন্টিগুলিকে তাদের যোগাযোগ ব্যবস্থা সমসাময়িক করতে এবং জনসাধারণের নিরাপত্তা এবং জীবনযাত্রার সামগ্রিক মান উন্নত করতে পরিকাঠামো ও ক্রিয়াকর্মগুলি সম্পন্ন করতে সহায়তা করবে। আমরা নিশ্চিত করছি যে জরুরী যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে এবং সুদক্ষভাবে কাজ করতে কমিউনিটিগুলির কাছে যাতে প্রয়োজনীয় সহায়তা ও প্রযুক্তি থাকে।”

নিম্নলিখিত কাউন্টিগুলি 2018 স্টেট জুড়ে বিস্তৃত আন্তঃক্রিয়াশীল যোগাযোগ ব্যবস্থা উদ্দিষ্ট অনুদান কর্মসূচি (Statewide Interoperable Communications Targeted Grant Program) মাধ্যমে অনুদান পেয়েছে:

- **ক্লিন্টন কাউন্টি,** বিভিন্ন নতুন যোগাযোগের টাওয়ারের সাইট নির্মাণ, একাধিক বিচারাধীন ক্ষেত্র ও সংস্থার মধ্যে যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করতে নতুন রেডিও চ্যানেল সংযুক্ত করা, পাশাপাশি সেইসব একাধিক-বিচারাধীনক্ষেত্র ভিত্তিক যোগাযোগের চ্যানেলগুলির মনিটরিং উন্নত করতে নতুন যন্ত্রাংশ দিয়ে কাউন্টির 911টি যোগাযোগ কেন্দ্রকে আপগ্রেড করার জন্য **2,334,697 ডলার পাবে।**

- **হ্যামিল্টন কাউন্টি** ছয়টি নতুন যোগাযোগের টাওয়ার সাইট সংযোজন করতে এবং অন্য তিনটি আপগ্রেড করতে, সেইসাথে একাধিক বিচারাধীনক্ষেত্র ও সংস্থার মধ্যে যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করতে নতুন রেডিও চ্যানেল সংযুক্ত করার জন্য **6,000,000 ডলার পাবে।**

- **হারকিমের কাউন্টি** আবহাওয়ার স্থিতিস্থাপকতা উন্নত করা এবং অতিরিক্ত যোগাযোগের সরঞ্জাম স্থাপন করতে একটি নতুন টাওয়ার সাইট নির্মাণ এবং একাধিক বিদ্যমান টাওয়ার আপগ্রেড করার জন্য **2,308,567 ডলার পাবে**। একাধিক বিচারাধীনক্ষেত্র ও সংস্থার মধ্যে যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করতে কাউন্টিটি নতুন রেডিও চ্যানেলও সংযুক্ত করবে।

- **জেফারসন কাউন্টি,** প্রযুক্তির একটি আধুনিকতম পদ্ধতি যা একটি কাউন্টির সকল রেডিও সাইটগুলিকে সংযুক্ত করবে, সেটিকে বাস্তবায়িত করতে এবং কাউন্টির একাধিক বিচারাধীনক্ষেত্র ও সংস্থার মধ্যে যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করতে নতুন রেডিও চ্যানেল সংযোজন করার জন্য **4,100,000 ডলার পাবে।**

- **নায়াগ্রা কাউন্টি** বিভিন্ন নতুন যোগাযোগের টাওয়ার নির্মাণ করার জন্য এবং ওই টাওয়ারগুলির মধ্যে সংযোগশীলতা আপডেট করার জন্য **6,000,000 ডলার পাবে।** একাধিক বিচারাধীনক্ষেত্র ও সংস্থার মধ্যে যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করতে কাউন্টিটি নতুন রেডিও চ্যানেলও সংযুক্ত করবে।

- **অর্ল্যান্স কাউন্টি** নতুন যোগাযোগের টাওয়ার সংযোজন করার মাধ্যমে তাদের রেডিও সিস্টেম উন্নত করা, আলাদা রেডিও সিস্টেমগুলিকে সংযুক্ত করতে প্রযুক্তি উন্নীতকরণ এবং একাধিক বিচারাধীনক্ষেত্র ও সংস্থার মধ্যে যোগাযোগ ব্যবস্থা শক্তিশালী করতে নতুন রেডিও চ্যানেল সংযুক্ত করার জন্য **5,897,141 ডলার পাবে।**

- **স্কেনেকটেডি কাউন্টি** নতুন টাওয়ার সাইটের মাধ্যমে তাদের রেডিও যোগাযোগ সম্প্রসারিত করতে এবং একটি পার্শ্ববর্তী কাউন্টি রেডিও সিস্টেমের সাথে সংযোগ করতে, কাউন্টির সীমানা পেরিয়ে দুটি কাউন্টির সিস্টেমগুলিকে কার্যকরভাবে প্রসারিত করার জন্য **6,000,000 ডলার পাবে।**

রজার এল. পারিনো, নিউইয়র্ক স্টেট স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services) সিনিয়র কমিশনার বলেছেন, "উদ্দিষ্ট অনুদানের কর্মসূচিটি কাউন্টিগুলিকে যোগাযোগের পরিকাঠামো উন্নত করার জন্য মূলধনী প্রকল্পগুলি শুরু

করতে সহায়তা করবে। এইসব উন্নয়ন সমস্ত প্রথম প্রতিক্রিয়াকারীদের একটি জরুরী পরিস্থিতিতে একে অপরের সাথে যোগাযোগ করতে পারা নিশ্চিত করতে সহায়তা করবে।"

স্টেট আন্তঃক্রিয়াশীল যোগাযোগের অনুদান

সমগ্র স্টেটে জরুরী যোগাযোগ ব্যবস্থা উন্নত করতে, অক্টোবরে গভর্নর কুওমো, 57টি কাউন্টি এবং নিউইয়র্ক সিটিকে স্টেট অনুদান তহবিলে 45 মিলিয়ন ডলার দিয়েছিলেন। 2010 সাল থেকে 57টি কাউন্টি এবং নিউইয়র্ক সিটিকে সাতটি দফায় 450 মিলিয়ন ডলারেরও বেশি করে অনুদান মঞ্জুর করা হয়েছিল। প্রথম প্রতিক্রিয়াকারী যেভাবে একে অপরের সাথে এবং স্টেটের বিভিন্ন অঞ্চলের মধ্যে ল্যান্ড মোবাইল রেডিও সিস্টেম ব্যবহার করে যোগাযোগ করবে সেক্ষেত্রে কাউন্টিগুলিকে গুরুত্বপূর্ন উন্নতি ঘটানোর সুযোগ এই কর্মসূচিটি করতে দিয়েছে। এর মধ্যে আছে টাওয়ার ও অ্যান্টেনা সাইটগুলিতে নতুন সরঞ্জাম স্থাপন করার মাধ্যমে রেডিও কভারেজ প্রসারিত করা, পরবর্তী প্রজন্মের 911 প্রযুক্তি এবং স্ট্যান্ডার্ড বাস্তবায়িত করা, জনসাধারণের নিরাপত্তাজনিত রেডিও সিস্টেমের মধ্যে যোগাযোগের চ্যানেল স্থাপন করা, জরুরী পরিষেবা প্রদান কেন্দ্রগুলিকে একত্রিত করা, জনসাধারণের নিরাপত্তা প্রেরণ কেন্দ্রগুলির কার্যকলাপে সহায়তা করা এবং কাউন্টিগুলির সিস্টেমগুলিকে একসাথে সংযুক্ত করতে সহায়তা করার জন্য নতুন প্রযুক্তি প্রয়োগ করা। সেইসাথে, এই অনুদান সুদক্ষ আন্ত-অঞ্চল যোগাযোগ ব্যবস্থা, সহযোগিতা এবং সামগ্রিকভাবে প্রাথমিক প্রতিক্রিয়াকারীর প্রস্তুতি উন্নত করতে প্রশিক্ষণ ও অনুশীলনে সহায়তা করে।

জনসাধারণের নিরাপত্তা সংক্রান্ত প্রশ্নের উত্তর প্রদান কেন্দ্রগুলির কার্যপরিচালনার জন্য অনুদান

অগাস্ট মাসে, নিরাপত্তা সংক্রান্ত প্রশ্নগুলির উত্তরপ্রদান কার্যপরিচালনা করতে, গভর্নর কুওমো, স্টেট জুড়ে লোকালয়গুলিকে 10 মিলিয়ন ডলার অনুদান দিয়েছেন। এই অনুদান 57টি কাউন্টির এবং নিউইয়র্ক সিটির মিউনিসিপালিটিকে তাদের 911 প্রতিক্রিয়া এবং জরুরী পরিষেবা প্রদানের কাজগুলিকে উন্নত করতে সহায়তা করবে। এইসব তহবিলগুলি কাউন্টির কার্যপরিচালকদের শুধু তাঁদের দৈনন্দিন খরচ মেটাতেই সহায়তা করবে না, সেইসাথে পাঠ্য বার্তা আদানপ্রদান, ডেটা সংযোগ, এবং জরুরী প্রতিক্রিয়ার জন্য ভৌগোলিক অবস্থান উন্নত করার মতো নতুন পরিষেবাগুলিতে বিনিয়োগ করার মাধ্যমে কল-ধরা এবং প্রেরণ করার প্রযুক্তিতে আপগ্রেডগুলিরও উন্নতিসাধন করবে। কর্মসূচিটি যেহেতু 2010 সালে শুরু হয়েছে, কাউন্টিগুলি টেক্সট-টু-911 পরিষেবাগুলি কার্যকর করা সহ, আপগ্রেডগুলিতে অনুদানটি কাজে লাগিয়েছে। এখন, সমস্ত স্টেটের কাউন্টিগুলির 48 শতাংশ টেক্সট-টু-911 পরিষেবার সুযোগ দেয়, যা গত বছরের থেকে 40 শতাংশ বেশি।

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সম্পর্কে

স্বদেশের নিরাপত্তা ও জরুরী পরিষেবা বিভাগ সন্ত্রাসবাদ, প্রাকৃতিক বিপর্যয়, হুমকি, অগ্নিসংযোগের ঘটনা এবং অন্যান্য জরুরী পরিস্থিতি থেকে রক্ষা পেতে, তাদের বিরুদ্ধে রুখে দাঁড়াতে, তৈরি থাকতে এবং উদ্ধার পাওয়ার প্রচেষ্টার জন্য নেতৃত্ব, সমন্বয় ও সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য Facebook পৃষ্ঠা দেখুন, Twitter এ @NYSDHSES অনুসরণ করুন, বা dhses.ny.gov দেখুন।

###